



বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ইনোভেশন টিম, বিজিএফসিএল।



...

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও ইনোভেশন অফিসার, বিজিএফসিএল।
সভার তারিখ	১১ জুন, ২০২০
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	স্ব-স্ব কার্যালয় অবস্থান করে জুম মিটিং-এ অংশগ্রহন।
উপস্থিতি	সকল সদস্য, ইনোভেশন টিম।

বৈশ্বিক করোনা মহামারীকালে সামাজিক দূরত্ব তথা স্বাস্থ্যবিধি মেনে সকল কাজ সম্পন্ন করা বাধ্যতামূলক বিবেচনায় প্রচলিত মিটিং এর পরিবর্তে জুম অ্যাপের মাধ্যমে ভার্চুয়াল মিটিং এর উদ্যোগ গ্রহণ করা হয়। সে মোতাবেক সভাপতি, অংশগ্রহণকারী বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) এর ইনোভেশন টিমের সদস্যগণকে স্বাগত জানিয়ে জুম অ্যাপের মাধ্যমে সভা শুরু করেন। সভার শুরুতে নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব ও এর ভয়াবহতার কথা উল্লেখ করে সকলকে স্বাস্থ্যবিধি ও এ সংক্রান্ত সরকারি নির্দেশনা মেনে চলার পরামর্শ প্রদান করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী বিজিএফসিএল'র উপ-মহাব্যবস্থাপক (পিজিএফএম) ও কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনার আহ্বান জানানো হয়।

১। সভায় বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ বাস্তবায়ন ও বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তৈরী এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ প্রণয়ন সংক্রান্ত বিষয়ে বিশদভাবে আলোচনা করা হয়।

আলোচনা- ১ :

বিজিএফসিএল'র উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী জুন, ২০২০ সময়ের মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। একইসাথে বিভিন্ন সময়ে উদ্ভাবনী আইডিয়া প্রদানকারী কর্মকর্তাবৃন্দের উৎসাহিত করণের বিষয়েও বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : বৈশ্বিক করোনা মহামারীকালে নতুন করে প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব নয়। উৎসাহ প্রদানের জন্য উদ্ভাবনী আইডিয়া প্রদানকারীদের প্রশংসাসূচক/ধন্যবাদ পত্র প্রদান করা যেতে পারে।

আলোচনা-২:

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং, বাস্তবায়ন, প্রদর্শনীর অংশ হিসেবে কর্মপরিকল্পনার প্রস্তাবিত ২টি উদ্ভাবনী আইডিয়া - (ক) সিভিল কনস্ট্রাকশন বিলের মেজারমেন্ট এন্ড ডুপ্লিকেটিং বুক ডিজিটাইজেশন ও (খ) কনডেনসেট পরিবহনকারী ট্যাংক লরীতে ইলেকট্রনিক সিল এন্ড লক সিস্টেম ব্যবহার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের জন্য উদ্ভাবনী আইডিয়া ২টির পাইলটিং কাজ বাস্তবায়ন করা সম্ভব হয়নি, তবে বাস্তবতার প্রেক্ষাপটে এ ব্যাপারে তা সম্পাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

আলোচনা-৩:

বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২০-২১ প্রণয়নের লক্ষ্যে অত্র কোম্পানির সকল ফিল্ড প্রতিনিধির সঙ্গে নলেজ শেয়ারিং, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি, সেবা সহজিকরণ ও স্থায়ী দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ আহবানের বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : নলেজ শেয়ারিং ও উদ্ভাবনী আইডিয়া প্রাপ্তির লক্ষ্যে কোম্পানির ফিল্ড ইনচার্জগণের সঙ্গে ইনোভেশন টিমের একটি অনলাইন সভা জুম অ্যাপের মাধ্যমে শীঘ্রই অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।

আলোচনা-৪ :

দেশব্যাপী করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ও এর বিস্তার রোধকল্পে কর্মকর্তা/কর্মচারীগণকে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত :

ইনোভেশন টিমের কর্মপরিকল্পনার অংশ হিসেবে প্রধান কার্যালয়ে স্থাপিত ডিজিটাল ডিসপ্লে বোর্ডে হালনাগাদ স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ।

২। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
ইনোভেশন অফিসার, বিজিএফসিএল।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৬১৬.১৯.০০২.২০.১০

তারিখ: ৪ আষাঢ়. ১৪২৭

১৮ জুন ২০২০

বিতরণ :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল
- ২) উপ-মহাব্যবস্থাপক, আইটি ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
ইনোভেশন অফিসার, বিজিএফসিএল।